

5261 - হজ্জের সামর্থ্য বলতে কী বুঝায়

প্রশ্ন

হজ্জের সামর্থ্য বলতে কী বুঝায়?

প্রিয় উত্তর

হজ্জের সামর্থ্য বলতে বুঝায় ব্যক্তি শারীরিকভাবে সুস্থ হওয়া, বায়তুল্লাহ শরিফে পৌঁছানোর মত যানবাহন যেমন- গাড়ী, এরোপ্লেন অথবা সওয়ারী পশুর মালিক হওয়া অথবা ইত্যাদি যানবাহনে ভাড়া দিয়ে চড়ার মত অর্থের মালিক হওয়া, হজ্জ করে ফিরে আসা পর্যন্ত সফরের সম্বল (খাদ্যপানীয়) এর মালিক হওয়া। ব্যক্তির উপর যাদের ভরণপোষণ দেয়া ওয়াজিব হজ্জ থেকে ফিরে আসা পর্যন্ত সময়কালের জন্য তাদের ভরণপোষণ দেয়ার পর উপরোক্ত অর্থ তাঁর কাছে অতিরিক্ত থাকা। আর নারীর ক্ষেত্রে তাঁর স্বামী বা অন্য কোন মোহরেম সাথে থাকা,যিনি তাঁর সাথে হজ্জ বা উমরার সফরের সঙ্গি হবেন।

ফাতাওয়াল্ লাজনাহ দায়িমা (ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র)